

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১৪, ২০০৯

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৪ই জুলাই, ২০০৯/৩০শে আষাঢ়, ১৪১৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৪ই জুলাই, ২০০৯(৩০শে আষাঢ়, ১৪১৬) তারিখে র‍াষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০০৯ সনের ৪৫ নং আইন

Members of the Bangladesh Public Service Commission (Terms and Conditions of Service) Act, 1974 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Members of the Bangladesh Public Service Commission (Terms and Conditions of Service) Act, 1974 (Act No. XXI of 1974) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন The Members of the Bangladesh Public Service Commission (Terms and Conditions of Service) (Amendment) Act, 2009 নামে অভিহিত হইবে।

(২) ইহা ০৩ এপ্রিল, ২০০৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৫৬৭৫)

মূল্য : টাকা ২.০০

২। **Act No. XXI of 1974 এর section-3 এর সংশোধন**।— Members of the Bangladesh Public Service Commission (Terms and Conditions of Service) Act, 1974 (Act No. XXI of 1974) এর section-3 এর sub-section (2) এর—

(ক) Clause (b) এর পরিবর্তে নিম্নরূপ Clause (b) প্রতিস্থাপিত হইবে, যথা—

“(b) a person is, at the time of his appointment as the Chairman or a Member, a retired servant of the Government or of a statutory body or nationalised enterprise, he shall be paid the salary specified in sub-section (1), and no pensionary benefit, if any, will be deducted from the salary which the Chairman or a Member is entitled to draw under section 3(1) and 3(2).”;

(খ) Clause (c) এর পরিবর্তে নিম্নরূপ Clause (c) প্রতিস্থাপিত হইবে, যথা—

“(c) a person appointed as the Chairman or a Member, retires from the service of the Republic or of a statutory body or nationalised enterprise during the term of his office as the Chairman or a Member, he shall with effect from the date of his retirement, be paid the salary specified in sub-section (1), and no pensionary benefit, if any, will be deducted from the salary which the Chairman or a Member is entitled to draw under section 3(1) and 3(2).”;

৩। **হেফাজত সংক্রান্ত বিশেষ বিধান**।—(১) Members of the Bangladesh Public Service Commission (Terms and Conditions of Service) (Amendment) Ordinance, 2008 (২০০৮ সনের ৮ নং অধ্যাদেশ), অতঃপর উক্ত অধ্যাদেশ বলিয়া উল্লিখিত, দ্বারা সংশোধিত Members of the Bangladesh Public Service Commission (Terms and Conditions of Service) Act, 1974 (Act No. XXI of 1974) অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইন দ্বারা সংশোধিত উক্ত Act এর অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ৯৩ এর দফা (২) এর বিধান অনুসারে উক্ত অধ্যাদেশ এর কার্যকরতা লোপ পাওয়া সত্ত্বেও অনুরূপ লোপ পাইবার পর উহার ধারাবাহিকতায় বা বিবেচিত ধারাবাহিকতায় কোন কাজকর্ম কৃত বা ব্যবস্থা গৃহীত হইয়া থাকিলে উহা এই আইন দ্বারা সংশোধিত উক্ত Act এর অধীনেই কৃত বা গৃহীত হইয়াছে বলিয়াও গণ্য হইবে।

আশফাক হামিদ

সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd